যুগান্তর

28 MAY 2017

বরিশাল বিশ্ববিদ্যালয়

# শিক্ষার্থী-এলাকাবাসী সংঘর্ষ

## আহত ১৫, অর্ধশত দোকান ভাংচুর

**বরিশাল ব্যুরো**

বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয় এলাকাবাসীর ধাওয়া-পাল্টাধাওয়া ও সংঘর্ষ হয়েছে। এতে অন্তত ১৫ জন আহত হয়েছে। এ সময় ওই এলাকার প্রায় অর্ধশত দোকান প্রতিষ্ঠানে হামলা ভাংচুরের ঘটনা ঘটে। শুক্রবার রাত ৯টার পর শুরু হওয়া এ ঘটনা চলে রাত ১২ পর্যন্ত। এ সময় বিশ্ববিদ্যালয়সংলগ্ন বরিশাল-পটুয়াখালী সড়কে চলাচলরত ৩০টির মতো যানবাহন ভাংচুর করা হয়। সড়কটিতে প্রায় ৩ ঘণ্টা বন্ধ থাকে যানবাহন চলাচল। বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ৩য় বর্ষের ছাত্র মো. আল আমিন জানান, সন্ধ্যায় কয়েক শিক্ষার্থী শহীদ আবদুর রব সেরনিয়াবাত সেতুর নিচে বাজারের দোকানে নাস্তা করার সময় স্থানীয় বখাটে জয়, বাপ্পি এবং আশিক তাদেরকে সেখান থেকে চলে যেতে বলে।

এ নিয়ে বাকবিতণ্ডার এক পর্যায়ে জয়, বাপ্পি এবং আশিক তাদের ওপর হামলা করে। হামলায় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের আল আমিন, গণিত বিভাগের সিফাত আহমেদ, ব্যবস্থাপনা বিভাগের সজিব, ফিন্যান্স বিভাগের রিফাত, আইন বিভাগের রানা, নাঈম উদ্দিন মিঠু, মার্কেটিং বিভাগের সাকিব, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের আবদুর রহমান এবং মিরাজ হোসেন আহত হন।

বিশ্ববিদ্যালয়সংলগ্ন এলাকার ব্যবসায়ী এবং ঘটনার প্রত্যক্ষদর্শীরা জানায়, এ ঘটনার জের ধরে রাত ৯টা নাগাদ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ধারালো অস্ত্র, রড এবং লাঠিসোটা নিয়ে ওই বাজারে হামলা চালায়। তারা সেখানে থাকা অর্ধশত ব্যবসা প্রতিষ্ঠান ভাংচুর করে। খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নেতা মো. কাইয়ুম উদ্দিনসহ পুলিশ সেখানে গিয়ে শিক্ষার্থীদের ফিরিয়ে আনে। পরে শিক্ষার্থীরা বরিশাল-পটুয়াখালী সড়ক অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করে। এ সময় তারা মহাসড়কে যাত্রীবাহী বাসসহ প্রায় ৩০টি যানবাহনে হামলা ভাংচুর চালায়। অবরোধের কারণে বরিশাল-পটুয়াখালী এবং বরিশাল-ভোলা সড়কে কয়েকশ' যানবাহন আটকা পড়ে। রাত ১২টা নাগাদ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও পুলিশ প্রশাসনের চেষ্টায় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা শান্ত হয়ে অবরোধ তুলে নিলে যানবাহন চলাচল স্বাভাবিক হয়।


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর